গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-৩ শাখা
www.mopa.gov.bd

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	: মোঃ মফিদুর রহমান, যুগ্মসচিব (সিপি), জনপ্রশাসন মন্ত্রণালয়;
সভার তারিখ ও সময়	: ২৩/০৯/২০১৯ সকাল ১১:০০ টা।
সভার স্থান	: চিফ ইনোভেশন অফিসার ও যুগ্মসচিব (সিপি) এর অফিস কক্ষ (০৭ নং ভবনের ০৪ নং কক্ষে), জনপ্রশাসন মন্ত্রণালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ইনোভেশন কমিটির সদস্য সচিব জনাব মোঃ মাহবুব হাসান শাহীন সদস্যবৃন্দকে অবহিত করেন যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০ প্রণয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনায় ০৩ অক্টোবর/২০১৯ মাসের মধ্যে 'উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধরণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশ' করার বিষয়টি উল্লেখ রয়েছে। এর লক্ষ্যমাত্রা অর্জন ও নির্ধারিত সময়ে বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে নানাবিধ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে বিদ্যমান দাপ্তরিক সেবা সহজিকরণের লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা প্রেরণ করার জন্য এ মন্ত্রণালয়ের প্রতিটি অনুবিভাগ প্রধান বরাবর পত্র প্রেরণ করা হয়। এর পরিপ্রেক্ষিতে ০৩টি শাখা (সিপি-৩, প্রেষণ-২ ও বাবাকো) হতে মোট ৪টি নতুন উদ্ভাবনী ধারণা পাওয়া গিয়েছে। ২০১৯-২০ অর্থবছরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নতুন উদ্ভাবনী ধারণা প্রকাশ করা লক্ষ্যে ইনোভেশন কমিটির সদস্যগণের মতামত জানা প্রয়োজন। তিনি আরও বলেন যে ২০১৮-১৯ অর্থবছরে গৃহীত ৫টি উদ্ভাবনী উদ্যোগ/ধারণার মধ্যে ইতোমধ্যে ৪টি বাস্তবায়ন হয়েছে।

০২। 'অনলাইনের মাধ্যমে শিক্ষাগত যোগ্যতার শ্রেণি/বিভাগ সমতাকরণ পিডিএস এ অন্তর্ভুক্তির জন্য আবেদন গ্রহণ' সংক্রান্ত উদ্ভাবনী ধারণার বিষয়ে সিস্টেম এনালিস্ট জনাব মুহাম্মদ হাফিজুর রহমান বলেন যে এটি বাস্তবায়নের জন্য বেশ কয়েকটি ধাপ অতিক্রম করতে হয়। বাস্তবায়নের সুবিধার্থে ধাপ কমানোর উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে যুগ্মসচিব ড. মোহাম্মদ জিয়াউল হক এবং ইনোভেশন কমিটির সদস্য নাফরিজা শ্যামাসহ সকলে একমত পোষণ করেন।

০৩। সভায় বাবাকো শাখার অ্যাসাইনমেন্ট অফিসার জনাব মোঃ মোস্তফা 'প্রশাসনিক পরিভাষা পুস্তিকার অ্যাপ তৈরি' সংক্রান্ত উদ্ভাবনী ধারণা উপস্থাপন করেন। ২০১৮-১৯ অর্থবছরে গৃহীত 'সরকারি কাজে ব্যাবহারিক বাংলা পুস্তিকা এন্ডরয়েড ও iOS অ্যাপ্লিকেশন তৈরি' সংক্রান্ত উদ্ভাবনটি সফলভাবে বাস্তবায়নের পর 'প্রশাসনিক পরিভাষা পুস্তিকার অ্যাপ তৈরি' সংক্রান্ত উদ্ভাবনী ধারণাটি গ্রহণ করা সমীচীন হবে মর্মে সভাপতি মতামত ব্যক্ত করেন।

০৪। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরে বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী ধারণা/উদ্যোগ নিম্নরূপ:

১. সরকারি কর্মচারিদের পদায়ন/বদলি/পদোন্নতির অফিস আদেশ মোবাইলে নোটিফিকেশন প্রেরণের মাধ্যমে কর্মকর্তাগণকে অবহিতকরণ;
২. জনপ্রশাসন মন্ত্রণালয়ে ডিসপ্লে বোর্ড (কিয়স্ক) স্থাপন;
৩. অনুসন্ধানের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে এবং এ্যাপের মাধ্যমে মোবাইল থেকে সরকারি বিধি-বিধান সংগ্রহ;

খ) 'অনলাইনের মাধ্যমে শিক্ষাগত যোগ্যতার শ্রেণি/বিভাগ সমতাকরণ পিডিএস এ অন্তর্ভুক্তির জন্য আবেদন গ্রহণ' সংক্রান্ত সেবা সহজীকরণ বিষয়ে প্রয়োজনীয় নীতিমালার বিষয়ে প্রেষণ-২ শাখার সিনিয়র সহকারী সচিব জনাব মোছাঃ নাজমা নাহার-কে দায়িত্ব প্রদান;

গ) মোবাইলে নোটিফিকেশন প্রেরণের মাধ্যমে কর্মকর্তাগণকে অবহিতকরণ সংক্রান্ত উদ্ভাবনের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য ৩ (তিন) সদস্য বিশিষ্ট নিম্নরূপ উপকমিটি গঠন :

১) জনাব মোঃ মাহবুব হাসান শাহীন, উপসচিব (সিপি-৩)
২) মুহাম্মদ হাফিজুর রহমান, সিস্টেম এনালিস্ট (পিএসিসি)
৩) মোছাঃ নাজমা নাহার, সিনিয়র সহকারী সচিব (প্রেষণ-২)

ঘ) অনুসন্ধানের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে সরকারি বিধি-বিধান সংগ্রহ সংক্রান্ত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য পরবর্তী ইনোভেশন কমিটির সভায় বিধি অনুবিভাগ হতে ০১ জন্য সদস্যকে কো-অপ্ট করা হবে;

ঙ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০ মোতাবেক ইনোভেশন টিমের সদস্যগণের দেশের অভ্যন্তরে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং এর অংশ হিসেবে ২০১৯ সালে জনপ্রশাসন পদকপ্রাপ্ত ২/৩টি ইনোভেশন কার্যক্রম দেখার জন্য সরেজমিন পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ।

০৫। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
(মোঃ মফিদুর রহমান)
যুগ্মসচিব (সিপি)
ও
চীফ ইনোভেশন অফিসার

নং-০৫.০০.০০০০.১৭৭.০৫.০০৬.১৯-১৬৫

তারিখ : ০৮ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জনাব মোহাম্মদ আবদুল লতিফ, যুগ্মসচিব, বিদেশ প্রশিক্ষণ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়;
২। উপসচিব, পরিকল্পনা অধিশাখা/উনি-১/সওব্য-২/সিআর-৩/সিপি-১/সিপি-৩/কল্যান শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়;
৩। মোছাঃ নাজমা নাহার, প্রেষণ-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়;
৪। বেগম ফারজানা ফেরদৌস জামান, সিনিয়র সহকারী সচিব, বাংলা ভাষা বাস্তবায়ন শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়;
৫। জনাব মুহাম্মদ হাফিজুর রহমান, সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়;
৬। জনাব মোঃ মোস্তফা, এসাইনমেন্ট অফিসার, বাংলা ভাষা বাস্তবায়ন কোষ, জনপ্রশাসন মন্ত্রণালয়।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

১। অতিরিক্ত সচিব (সিপিটি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় [অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের সদয় অবগতির জন্য)];
২। যুগ্মসচিব (সিপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় [যুগ্মসচিব (সিপি) মহোদয়ের সদয় অবগতির জন্য)]।

২৬/৯/১৯
মোঃ মাহবুব হাসান শাহীন)
উপসচিব